



তথ্যবিবরণী

নম্বর-১৬৬

## রাজশাহীতে ভলিবল ও ব্যাডমিন্টন প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠিত

রাজশাহী; ৩০ পৌষ (১৪ জানুয়ারি):

আজ মঙ্গলবার (১৪ জানুয়ারি) বিকালে রাজশাহী মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে আয়োজিত দুই দিনব্যাপী ভলিবল ও ব্যাডমিন্টন প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভলিবল ও ব্যাডমিন্টন প্রতিযোগিতার চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলের হাতে পুরস্কার তুলে দেন রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ। ভলিবল প্রতিযোগিতায় বালক ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন হয় লোকনাথ উচ্চ বিদ্যালয় ও রানার্স আপ হয় ভলিবল একাডেমি রাজশাহী। বালিকা ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন হয়েছে বহুমুখী বালিকা উচ্চ বিদ্যালয় এবং রানার্স আপ হয়েছে মিশন বালিকা উচ্চ বিদ্যালয়।

ব্যাডমিন্টন প্রতিযোগিতায় বালক ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন হয়েছে বহরমপুরের মো. সিয়াম আহমেদ ও রাজশাহী কোর্ট একাডেমির মাহির দাইয়ান জুটি এবং বালিকা ক্যাটাগরিতে চারঘাটের অনন্যা খাতুন ও সুমী খাতুন জুটি চ্যাম্পিয়ন হয়েছে।

জেলা প্রশাসক আফিয়া আখতার এর সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার মো. রেজাউল আলম সরকার ও তরফদার মো. আক্তার জামীল, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মির্জা ইমাম উদ্দিন, অতিরিক্ত জেলা প্রশাসক উম্মে কুলসুম সম্পা, টুকটুক তালুকদার ও মো. মহিনুল হাসান। অন্যান্যের মধ্যে সরকারি-বেসরকারি কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক-শিক্ষার্থী ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/আতিক/আলীম/কনক/হালিম/২০২৫/১৮:০০ ঘ.